দৈনিক সংবাদ 074

08 JUN 1988
6

# সরকার প্রতিটি ঘরে শিক্ষার আলো পৌঁছে দিতে অঙ্গীকারাবদ্ধ

**—আনিসুল ইসলাম**

শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, সরকার দেশের ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছাতে অঙ্গীকারাবদ্ধ। শিক্ষক সমাজের

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## আনিসুল ইসলাম

( ১ম পাতার পর )

সক্রিয় সহযোগিতার মাধ্যমেই এ মহান লক্ষ্য অর্জন সম্ভব।

শিক্ষামন্ত্রী গতকাল বাংলাদেশ সরকারী মাধ্যমিক স্কুল শিক্ষক সমিতির ঢাকা নগর কমিটির সম্মেলনে বক্তৃতা দিচ্ছিলেন। সম্মেলনে সমিতির সাধারণ সম্পাদক শহিদুর রহমানও বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার আগামী দু' তিন বছরের মধ্যেই দেশের শিক্ষিতের হার দ্বিগুণ করে ৪০ ভাগ করার পরিকল্পনা নিয়েছেন। শিক্ষকদের সক্রিয় ও নিবেদিত সেবার মাধ্যমেই এ বিরাট দায়িত্ব পালন করা সম্ভব বলে তিনি অভিমত ব্যক্ত করেন। খবর বাসস'র।